

Phone call between Prime Minister Shri Narendra Modi and H.E. SUGA Yoshihide, Prime Minister of Japan

September 25, 2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্রমোদী এবং জাপানের প্রধানমন্ত্রী মহামান্য সুগা যোশিহিদের মধ্যে টেলিফোনে বাক্যালাপ।

সেপ্টেম্বর 25, 2020

আজ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্রমোদী এবং জাপানের প্রধানমন্ত্রী মহামান্য সুগা যোশিহিদের মধ্যে টেলিফোনে বাক্যালাপ হয়েছে।

জাপানের প্রধানমন্ত্রী হিসেবে নিযুক্ত হবার জন্য প্রধানমন্ত্রী , জাপানের প্রধানমন্ত্রী সুগাকে ধন্যবাদ জানিয়েছেন এবং তার লক্ষ্য পূরণে সফল হবার জন্য তাকে শুভকামনা জানিয়েছেন।

দুই নেতাই সহমত হয়েছেন যে, ভারত-জাপান বিশেষ কৌশলগত এবং বিশ্বব্যাপী অংশীদারিত্ব গত কয়েকবছরে অনেকখানি অগ্রসর হয়েছে এবং পারস্পরিক বিশ্বাস ও বন্ডিত আদর্শের ভিত্তিতে এই সম্পর্ককে আরোও শক্তিশালী করার জন্য তাদের ইচ্ছা প্রকাশ করেছেন।

দুই নেতা সহমত হয়েছেন যে, কোভিড-19 অতিমারি সহ আজকের দিনের বিশ্বব্যাপী প্রতিবন্ধকতার সময়ে দুই দেশের মধ্যে অংশীদারিত্ব অনেকবেশী প্রাসঙ্গিক। তারা জোরারোপ করেছেন যে, যোগানের শৃঙ্খলা কে স্থিতিস্থাপক করার জন্য একটি স্বাধীন, উন্মুক্ত এবং একীভূত ভারত-প্রশান্তমহাসাগরীয় অঞ্চল অর্থনৈতিক পরিকাঠামো গঠন করা আবশ্যিক এবং এই প্রসঙ্গে ভারত, জাপান এবং একমতের অন্য দেশগুলির মধ্যে সহযোগিতাকে স্বাগত জানিয়েছেন।

দুই দেশের মধ্যে অর্থনৈতিক অংশীদারিত্বের অগ্রগতিকে দুই নেতা প্রশংসা করেছেন এবং এই প্রসঙ্গে বিশেষভাবে দক্ষ কর্মী সংস্ঠ চুক্তির চূড়ান্ত রূপ প্রদানকে স্বাগত জানিয়েছেন।

কোভিড -19 অতিমারির পরে পরিস্থিতির উন্নতি ঘটলে বার্ষিক দ্বিপাক্ষিক শীর্ষ সম্মেলনের জন্য ভারতে সফর করার জন্য প্রধানমন্ত্রী মোদী জাপানের প্রধানমন্ত্রী সুগাকে আমন্ত্রণ জানিয়েছেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 25, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.